# নতুন বন্দোবস্তের লড়াই হবে দীর্ঘমেয়াদি: নাহিদ ইসলাম



এনসিপি আহ্বায়ক নাহিদ ইসলাম। ছবি: সংগৃহীত

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলাম বলেছেন, নতুন রাজনৈতিক বন্দোবস্ত প্রতিষ্ঠা একটি দীর্ঘমেয়াদি লড়াই। ১১ দলীয় জোট সরকারের মধ্য দিয়ে নির্বাচনে অংশ নেওয়া হলেও এই আকাঙ্ক্ষা এখনও প্রাসঙ্গিক।

নাহিদ ইসলাম বলেন, এনসিপির যাত্রা শুরু হয়েছিল গণঅভ্যুত্থানের প্রেক্ষাপটে। ২০২৪ পরবর্তী সময়ে নতুন দল গঠন এবং জোট প্রক্রিয়ায় নির্বাচনে অংশগ্রহণের মধ্য দিয়ে দলটি রাজনৈতিক ভূমিকা তৈরি করেছে। গণঅভ্যুত্থানের সময় তৈরি নেতৃত্ব ও আদর্শই আজকের দিকনির্দেশনা।

তিনি উল্লেখ করেন, অন্তর্বর্তী সরকারের সময়ে সাংবিধানিক পরিবর্তন এবং নতুন সংবিধানের মাধ্যমে কিছু লক্ষ্য অর্জন হলেও পুরোপুরি সফলতা মেলেনি। তাই নতুন বন্দোবস্তকে দীর্ঘমেয়াদি লড়াই হিসেবে দেখা হচ্ছে, যা ধীরে ধীরে অর্জন করতে হবে।

নির্বাচনি জোট প্রসঙ্গে তিনি বলেন, পুরোনো দলের সঙ্গে জোটে অংশ নেওয়া হলেও নতুন বন্দোবস্তের লক্ষ্য অক্ষুণ্ণ আছে। জোট মূলত নির্বাচনি ও সংস্কারের দাবির বাস্তবায়নের জন্য, তাই ইশতেহার আলাদা রাখা হয়েছে। জোট সরকারে অংশীদারিত্ব পেলে ইশতেহারে থাকা বিষয়গুলো প্রাধান্য দিয়ে বাস্তবায়ন করা হবে, যেমন অন্তর্বর্তী সরকারের সময় করা হয়েছিল।

LENS ASIA